শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে

ঈশ্বর অব্রাহামের প্রেমকে পরীক্ষা করেন

লেখক: Edward Hughes
চিত্রাংকন: Byron Unger; Lazarus
অভিযোজন: M. Maillot; Tammy S.
অনুবাদক: Manab Biswas
প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

BFC
PO Box 3
Winnipeg, MB R3C 2G1
Canada

©2015 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

এক রাতে, ঈশ্বর অব্রাহামকে
এক অদ্ভুত আদেশ দিলেন।
এটা ছিল অব্রাহামের কাছে
এক পরীক্ষা যে, তিনি তার
পুত্র ইসহাককে ঈশ্বরের থেকে
বেশি ভালোবাসেন কিনা।

ঈশ্বর আদেশ দিলেন, “তুমি তোমার পুত্রকে নাও এবং তাকে হোমবলি হিসাবে উৎসর্গ কর।” ইসহাককে বলি? নিজের পুত্রকে বলি? অব্রাহামের কাছে এটা খুব কঠিন বিষয় ছিল। তিনি তার পুত্রকে খুব ভালোবাসতেন।

এই অবস্থাকে বুঝতে না পারলেও, অব্রাহাম ঈশ্বরকে বিশ্বাস করতে শিখেছিলেন। অতি প্রত্যূষে দুইজন চাকর আর ইসহাককে নিয়ে অব্রাহাম বলিদানের পাহাড়ের দিকে রওনা হলেন।

রওনা হওয়ার আগে,
হোমবলি করার জন্য
অব্রাহাম কিছু চেরা কাঠ
নিলেন। ঈশ্বরের বাধ্য
হওয়ার জন্য অব্রাহাম
নিজেকে স্থির করলেন।

তিনিদিন পরে তারা পর্বতের কাছে এলেন, অব্রাহাম তার চাকরদের বলল, “এখানে থাক, আমরা উপাসনা করে তোমাদের কাছে ফিরে আসব”।
ইসহাক কাঠগুলো বইছিল, আর অব্রাহাম আগুন ও ছুরি ধরেছিল।

ইসহাক জিজ্ঞাসা করল,
“হোমবলির জন্য মেষশাবক কোথায়?” অব্রাহাম বললেন,
“ঈশ্বর নিজেই মেষশাবক জুগিয়ে দেবেন”।

ঈশ্বর মনোনীত ঠিক সেই স্থানে তারা দু'জনে উপস্থিত হলেন। ঈশ্বরের সামনে হোমবলি করার জন্য অব্রাহাম এক বেদি তৈরি করলেন। অব্রাহাম অনেক হোমবেদী তৈরি করেছিলেন, অবশ্যই এটা ছিল সবথেকে কঠিন।



অব্রাহাম
তার প্রিয়
পুত্র ইসহাকের
হাত-পা বেঁধে
হোমবেদীর
উপর বসালেন।
সত্যি কি অব্রাহাম
ঈশ্বরকে মানতে
চলেছেন ও তার একমাত্র
প্রিয় পুত্র ইসহাককে
বলি দেবেন?



হ্যাঁ, সেই চকচকে
ধারালো ছুরি যখন
অব্রাহাম কাটার জন্য
উপরে তুললেন। তার
হৃদয় বোধহয় চূর্ণ হয়ে
গিয়েছিল। কিন্তু অব্রাহাম
জানতেন যে, তাকে
অবশ্যই ঈশ্বরের বাধ্য
হতে হবে।

ঈশ্বরের
স্বর্গদূত চিৎকার
করলেন, “থাম,
আমি জানি, তুমি
এখন ঈশ্বরকে
ভালোবাস।
আমার জন্য তুমি
তোমার একমাত্র
পুত্রকে ধরে
রাখনি”।

ঝোপের মধ্যে এক মেষশাবক দেখতে পেয়ে,
অব্রাহাম ইসহাকের বাঁধন খুলে দিল, আর
সেই মেষশাবকটিকে ইসহাকের পরিবর্তে
বলি দিলেন। ইসহাক বোধহয়
ভাবল যে, ঈশ্বর জোগানদাতা,
যেমনটি তিনি আমার বাবাকে
বলেছিলেন।

যখন পিতা ও পুত্র উপাসনা করছিল, তখন ঈশ্বরের এক স্বর্গদূত বলল, "তোমার সন্তানদের দ্বারা সমস্ত জাতি আশীর্বাদপ্রাপ্ত হবে, কারণ তুমি তার বাধ্য হয়েছিলে"। একদিন অব্রাহামের বংশধর হয়ে যীশু জন্মগ্রহণ করবেন।

অব্রাহাম ও ইসহাক ঘরে ফিরল। কিছু সময় পরে এক দুঃখ নেমে এল। সারা মারা গেলেন। অব্রাহাম তার স্ত্রীকে হারালেন এবং ইসহাক তার মাকে হারাল।

সমাধিকার্য হয়ে যাবার পর, অব্রাহাম তার প্রধান চাকরকে ইসহাকের জন্য স্ত্রী খুঁজতে পাঠালেন। অব্রাহামের আত্মীয়-স্বজনদের মধ্যে ইসহাকের জন্য স্ত্রী খুঁজতে চাকরটি অব্রাহামের পৈতৃক বাড়িতে গেলেন।

চাকরটি ঈশ্বরের কাছে একটি চিহ্ন চাইল। “যে মেয়েটি আমার উটের জন্য জল দেবে, সেই হবে ইসহাকের জন্য নির্দিষ্ট মেয়ে”। মুহূর্তের মধ্যে রেবেকা তার পশুদের জন্য জল দিল। সে ছিল অব্রাহামের আত্মীয়দের মধ্যে একজন। চাকরটি বুঝতে পারল যে, ঈশ্বর তার প্রার্থনার উত্তর দিয়েছেন।



ইসহাককে বিয়ে করার জন্য রেবেকাকে তার পরিবার ছাড়তে হয়েছিল। মা হারানোর পর থেকে রেবেকা তার যত্ন নিয়েছিল। ইসহাক কত সুন্দরভাবে তাকে প্রেম করেছিল।

ঈশ্বর অব্রাহামের প্রেমকে পরীক্ষা করেন

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

আদিপুস্তক ২২-২৪

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬